দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 AUG 2007
পৃষ্ঠা ০২ কলাম ৪

কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রতিবাদ

# শেকৃবিতে অধ্যক্ষ কার্যালয় ঘেরাও, বিক্ষোভ, ক্যাম্পাস উত্তাল

**শেকৃবি সংবাদদাতা ॥** রাজধানীর শেরেবাংলা নগরের ঢাকা কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের (ডিপ্লোমা কৃষি) শিক্ষা ব্যবস্থা অচল হয়ে পড়ছে। শিক্ষার্থীদের ধর্মঘটের দ্বিতীয় দিন সোমবারও কোন পাঠদান ও পরীক্ষা হয়নি, দিনভর অধ্যক্ষ কার্যালয় ঘেরাও, বিক্ষোভ মিছিল এবং সমাবেশে ক্যাম্পাস ছিল উত্তাল, নতুন করে পরিপূরক বিষয়ে পরীক্ষা দেয়া নিয়ে কর্তৃপক্ষের একটি সিদ্ধান্তের প্রতিবাদে তাঁরা এ আন্দোলনে নেমেছেন।

শিক্ষার্থীরা জানান, একজন শিক্ষার্থী ছাড়া চতুর্থ পর্বের সব শিক্ষার্থী দুই বছর আগে অনুষ্ঠিত দ্বিতীয় পর্বের পরিপূরক পরীক্ষায় অকৃতকার্য হন, কিছুদিন আগে এ ফল জানানো হয়। এখন কর্তৃপক্ষ বলছে, যাঁরা অকৃতকার্য হয়েছে তাদের আবার তৃতীয় পর্বে ভর্তি হয়ে সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষা দিতে হবে। অথচ চতুর্থ পর্বের এই শিক্ষার্থীরা এক বছর আগে তৃতীয় বর্ষ পাস করেছেন।

অথচ কৃষি ইনস্টিটিউটের শিক্ষা নীতিমালা চতুর্থ অনুচ্ছেদের ১৫, ১৬, ১৭ ধারা মতে কোন পরিপূরক বিষয়ে অনুত্তীর্ণ হলে ওই বিষয়ে আবার পরীক্ষা দিতে পারবেন। এতে চলতি শিক্ষাবর্ষের ছাত্রত্ব বাতিল হবে না বা নিচের কোন শিক্ষাবর্ষে আবার ভর্তি হতে হবে না।

শিক্ষার্থীরা জানান, তাদের দাবি না মেনে নিলে পরবর্তীতে আমরণ অনশন কর্মসূচী গ্রহণ করা হবে।